

AKASHVANI (AIR)

RNU : KOLKATA

Bengali Text Bulletin

Date 12-11-2025

Time: 1.40 P.M.

মৃত ভোটদাতার নামে এনুমারেশন ফর্ম জমা পড়লে নির্বাচন কমিশন, সংশ্লিষ্ট পরিবারের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেবে। কমিশনের নির্দেশ অনুযায়ী, মৃত ব্যক্তির নামে এমন ফর্ম পূরণ করা হলে যার স্বাক্ষর পাওয়া যাবে, তাঁর বিরুদ্ধে জনপ্রতিনিধিত্ব আইনের ৩২ ধারা অনুযায়ী এক বছর পর্যন্ত কারাদণ্ড হতে পারে। কমিশনের পক্ষে গতকাল জারি করা এক নির্দেশিকায় জানানো হয়েছে, বুথ লেভেল এজেন্ট (বিএলএ)-এর দায়িত্ব হল সংশ্লিষ্ট অংশের ভোটার তালিকার নামগুলো খতিয়ে দেখে মৃত ও স্থানান্তরিত ভোটারদের চিহ্নিত করা। নিয়ম অনুযায়ী, বিএলএ হতে হলে তাঁকে সেই অংশের নিবন্ধিত ভোটার হতে হবে। তবে প্রয়োজনে একই বিধানসভা কেন্দ্রের অন্য কোনও পার্টের ভোটারকেও বিএলএ হিসেবে নিয়োগ করা যেতে পারে। রাজ্যে বর্তমান ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন প্রক্রিয়ায় জনপ্রতিনিধিত্ব আইন কঠোরভাবে প্রয়োগ করতে হবে বলেও কমিশন, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে নির্দেশ দিয়েছে।

পশ্চিমবঙ্গ সহ দেশের বারোটি রাজ্যে জোরকদমে চলছে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়া। নির্বাচন কমিশন সূত্রে খবর, গতকাল বিকেল পর্যন্ত রাজ্যে সাড়ে ছয় কোটিরও বেশি এনুমারেশন ফর্ম দেওয়ার কাজ সম্পূর্ণ হয়েছে। ইতিমধ্যেই সিংহভাগ ফর্ম বিলি করা হয়েছে বলে কমিশন সূত্রের খবর। এই ফর্ম পূরণ করে জমা

দেওয়ার শেষ দিন আগামী চৌঠা ডিসেম্বর। এরপর ৯ ডিসেম্বর প্রকাশিত হবে খসড়া ভোটের তালিকা।

ভোটের তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী বা এসআইআর নিয়ে আজ প্রচারিত হবে একটি বিশেষ আলোচনা। এতে অংশ নিয়েছেন পশ্চিমবঙ্গের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী। তাঁর সঙ্গে কথা বলেছেন সন্দীপন দাশগুপ্ত। অনুষ্ঠানটি শোনা যাবে রাত সাড়ে ৯-টা থেকে গীতাঞ্জলী প্রচার তরঙ্গে এবং ডিটিএইচ পরিষেবায়। আকাশবাণী সংবাদ বিভাগের সোশ্যাল মিডিয়াতেও অনুষ্ঠানটি প্রচারিত হবে।

২০১৬ সালে প্রাথমিক শিক্ষক নিয়োগ প্রক্রিয়ায় দুর্নীতির যে অভিযোগ উঠেছে, তা সম্পূর্ণ মিথ্যা বলে রাজ্যের অ্যাডভোকেট জেনারেল কিশোর দত্ত দাবি করেছেন। দুই বিচারপতি তপব্রত চক্রবর্তী ও ঋতব্রত কুমার মিত্রের ডিভিশন বেঞ্চে গতকাল এই সংক্রান্ত মামলার শুনানির সময় অ্যাডভোকেট জেনারেল বলেন, নিয়োগ প্রক্রিয়ায় কিছু ভুল ত্রুটি থাকা ও দুর্নীতি এক নয়।

প্রাথমিক শিক্ষা দপ্তর আজ এই ব্যাপারে তাদের সিদ্ধান্ত জানাবে। দীর্ঘ কয়েক মাসের টানা শুনানির পর সম্ভবত আজই এই মামলার অন্তিম শুনানি হতে চলেছে।

গতকালের শুনানিতে অ্যাডভোকেট জেনারেল আরও বলেন, ৪৩ হাজারের বেশি নিযুক্ত শিক্ষকের মধ্যে ৯৪ জন প্রার্থী, যারা টেট পরীক্ষায় উত্তীর্ণ হননি, আদালতের নির্দেশ মত তাদের চাকরি বাতিল করেছিল প্রাথমিক শিক্ষা পর্ষদ। সেটিকেই অস্ত্র করে দুর্নীতির অভিযোগ আনা হচ্ছে। এর সঙ্গে ৩২ হাজার কর্মরত শিক্ষকের কোনো যোগ

নেই বলেও তিনি জানিয়েছেন। এমনকি দুর্নীতির অভিযোগে সিবিআই-এর তদন্তে যাদের প্রশিক্ষণ নেই, এমন ৩৬০ জনের হদিশ মিলেছে বলেও উল্লেখ করেন তিনি।

শিক্ষক হিসাবে অভিজ্ঞতার জন্য স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষায় অতিরিক্ত ১০ নম্বর দেওয়ার বিরুদ্ধে কলকাতা হাইকোর্টে দায়ের হওয়া মামলায় আপাতত কোনো নির্দেশ দিলেন না বিচারপতি অমৃতা সিনহা। বর্তমানে মামলাটি সুপ্রিমকোর্টে বিচারাধীন। ২৬ নভেম্বর তার শুনানি। শীর্ষ আদালত ঐ দিন কি নির্দেশ দেয়, তা দেখার পরই হাইকোর্টে মামলার শুনানি হবে বলে বিচারপতি সিনহা জানিয়েছেন।

বৃষ্টির জল সংরক্ষণে অসামান্য উদ্যোগের স্বীকৃতি স্বরূপ কেন্দ্রীয় সরকারের ‘জল সংরক্ষণ পুরস্কার পাচ্ছে রাজ্যের দুটি প্রতিষ্ঠান। রাজ্যের ‘নবদিগন্ত ইন্ডাস্ট্রিয়াল টাউনশিপ’ এবং কলকাতার ‘আর্মি পাবলিক স্কুল’-কে এই পুরস্কার দেওয়া হবে। কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রকের তরফে একথা ঘোষণা করা হয়েছে।

আগামী ১৮ নভেম্বর নতুনদিল্লির বিজ্ঞান ভবনে হবে এই পুরস্কার বিতরণ অনুষ্ঠান।

ভবিষ্যতের জলসঙ্কট রুখতে কেন্দ্র ইতিমধ্যেই শহরাঞ্চলভিত্তিক ‘জল সংরক্ষণ মিশন’-এ জোর দিয়েছে। পুরসভাগুলিকে অন্তত দুই হাজার জল সংরক্ষণ পরিকাঠামো নির্মাণের নির্দেশ দেওয়া হয়েছে। এই উদ্যোগকে উৎসাহিত করতেই কেন্দ্রীয় সরকার রাজ্য, জেলা, পুরনিগম ও শিক্ষাপ্রতিষ্ঠান পর্যায়ে পুরস্কার ঘোষণা করেছে।

সরকারি প্রকল্পের বাস্তবায়ন ও তদারকিতে আরও স্বচ্ছতা আনতে রাজ্য সরকার সমস্ত সরকারি নির্মাণ প্রকল্পে জিও ট্যাগিং-এর সিদ্ধান্ত নিয়েছে। অর্থ দফতরের পক্ষ থেকে সম্প্রতি এই সংক্রান্ত বিজ্ঞপ্তি জারি হয়েছে। এর মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের প্রতিটি ধাপের ওপর সরাসরি ও নির্ভুল নজরদারি সম্ভব হবে।

এর আগে সরকারি প্রকল্পগুলির অগ্রগতি পর্যবেক্ষণের জন্য চালু হয়েছিল ইউনিফায়েড প্রোজেক্ট ম্যানেজমেন্ট সিস্টেম। অর্থ দফতরের তৈরি ওই বিশেষ পোর্টালে রাজ্যের সব দফতরকে তাদের নির্মীয়মাণ প্রকল্পগুলির তথ্য নথিভুক্ত করতে বলা হয়েছে।

উল্লেখ্য, প্রকল্পের সূচনা থেকে শেষ পর্যন্ত রিয়্যাল-টাইম আপডেট বা সর্বশেষ পরিস্থিতি পাওয়া যায় নবান্ন থেকে। এবার সেই পর্যবেক্ষণ আরও নিখুঁত করার জন্যই এই জিও ট্যাগিং প্রযুক্তি যুক্ত হল। এই প্রযুক্তির মাধ্যমে প্রকল্পের ছবি বা ভিডিও ক্লিপে স্বয়ংক্রিয়ভাবে স্থান, সময় ও তারিখ যুক্ত থাকবে। ফলে ছবি বা ভিডিও আসল কিনা তা সহজেই যাচাই করা যাবে।

রাজ্য সরকার সমবায় ব্যাঙ্কগুলির আর্থিক লেনদেনের স্বচ্ছতা নিশ্চিত করতে এবার থেকে সমস্ত সমবায় সমিতি ও ব্যাঙ্কের অডিট অনলাইনে করার সিদ্ধান্ত নিয়েছে। এজন্য চালু করা হয়েছে ‘অনলাইন অডিট ম্যানেজমেন্ট সিস্টেম’ নামে একটি নতুন ব্যবস্থা। এর আওতায় রাজ্যের ২৩ হাজার ৫৭৪ টি সমবায় সমিতি এক ছাতার তলায় আসবে। রাজ্য সমবায় ব্যাঙ্ক, জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক, শহরাঞ্চলীয় সমবায় ব্যাঙ্ক এবং প্রাথমিক কৃষি সমবায় সমিতিগুলির অডিটের উপর কেন্দ্রীয়ভাবে নজরদারি চালানো যাবে।

সমবায় মন্ত্রী প্রদীপ মজুমদার বলেছেন, রাজ্যের সমবায় ব্যবস্থা এখন অনেকটাই সম্প্রসারিত হয়েছে। তাই এই অনলাইন অডিট ম্যানেজমেন্ট সিস্টেম চালু করা হল।

দক্ষিণ দিনাজপুরে এক বাংলাদেশী অনুপ্রবেশকারীকে পুলিশ গ্রেপ্তার করেছে। অবৈধভাবে হিলি সীমান্ত দিয়ে গত সোমবার বাংলাদেশে যাওয়ার পথে তাকে ধরা হয়। মহম্মদ মাসুম নামে বছর ২৪-এর ঐ যুবক বাংলাদেশের চট্টগ্রামের লক্ষ্মীপুরের বাসিন্দা। এদেশে চেন্নাইতে সে কর্মরত ছিল। তাকে গতকাল বালুরঘাট আদালতে তোলা হলে চারদিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়।

বীরভূমের নলহাটির সুলতানপুরে গভীর রাতে তল্লাশি অভিযান চালানোর সময়ে পুলিশ ২০ হাজার জিলেটিন স্টিক উদ্ধার করেছে। একটি বোলেরো পিক আপ ভ্যানে করে সেগুলি ৫০ টি বস্তায় করে ঝাড়খন্ডের পাকুর থেকে নিয়ে আসা হচ্ছিল। নারায়ণ ঘোষ নামে গাড়ির এক আরোহীকে গ্রেপ্তার করা হয়েছে। তাকে আজ রামপুরহাট আদালতে তোলা হবে।

জে সি মুখার্জি ট্রফি টি টোয়েন্টি ক্রিকেটে, রেঞ্জার্স মাঠে আজ কালীঘাট ক্লাব, শ্যামবাজারকে ১ শো ১১ রানে হারিয়ে দিয়েছে।

শ্যামবাজার টসে জিতে প্রথমে ফিল্ডিংয়ের সিদ্ধান্ত নেয়।

কালীঘাট নির্ধারিত ২০ ওভার ব্যাট করে ৪ উইকেটে ২ শো ১৯ রান করে। অধিনায়ক জয়জিৎ বসু ৮১ ও স্নেহাশীষ সাহা ৫৪ রান করেন।

পরে ব্যাট করতে নেমে শ্যামবাজার ১৭ ওভার ৫ বলে ১০৮ রানে অলআউট হয়ে যায়। দিগন্ত নিয়োগী ৩৭ ও সায়েন কুমার বিশ্বাস ২৮ রান করেন।

কালীঘাটের মিহির হিরওয়ানি ৩ টি এবং বিকাশ সিং ও সায়েন ঘোষ ২ টি করে উইকেট নেন। ম্যাচের সেরা হন জয়জিৎ বসু।

কলকাতার ইডেন গার্ডেন্স স্টেডিয়ামে আগামী শুক্রবার থেকে শুরু হতে চলা ভারত ও দক্ষিণ আফ্রিকার মধ্যে প্রথম ক্রিকেট টেস্টের জন্য ভিড় নিয়ন্ত্রণে কলকাতা পুলিশ মধ্য কলকাতার ইডেন সংলগ্ন বিভিন্ন রাস্তায় যান চলাচল নিয়ন্ত্রণ করবে। শুক্রবার সকাল সাতটা থেকে মঙ্গলবার সন্ধ্যা সাতটা পর্যন্ত স্ট্র্যান্ড রোড, সেন্ট জর্জ গেট রোড সহ মধ্য কলকাতার ধর্মতলা এলাকার বিভিন্ন রাস্তায় পন্যবাহী যান চলাচল এর উপরে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। পাশাপাশি বাবুঘাট চত্বরের বাস স্ট্যান্ড অন্য জায়গায় সরিয়ে দেওয়া ছাড়াও ওই দিনগুলিতে খেলার মাঠ সংলগ্ন রাস্তাগুলো দিয়ে চলাচলকারী যাত্রীবাহী বাস অন্য পথে ঘুরিয়ে দেওয়া হবে বলে কলকাতা পুলিশের তরফে জানানো হয়েছে। এছাড়া সম্প্রতি দিল্লিতে বিস্ফোরণের জেরে নিরাপত্তায় বিশেষ নজরদারির ব্যবস্থা করা হয়েছে।
